বার্ষিক প্রতিবেদন

২০২৫-২৬ অর্থবছর

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

সম্পাদনায় : মোঃ সাহিদুজ্জামান
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) (রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট) (চ.দা.)
: মোঃ শরীফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
: রুবেল হোসেন
উপ-পরিচালক (বাজেট ও হিসাব) (চ.দা.)
: মোঃ রনি রায়হান
বৈজ্ঞানিক কর্মকর্তা
: মোঃ হাবিবুর রহমান
বৈজ্ঞানিক কর্মকর্তা
: তনুশ্রী দত্ত
বৈজ্ঞানিক কর্মকর্তা

প্রকাশনায় : **বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০
ফোন : ৮৮০-২-৪১০৯০০৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬
ওয়েব সাইট: bpi.gov.bd

প্রকাশকাল : **সেপ্টেম্বর, ২০২৬**

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মহাপরিচালকের বাণী

খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বর্তমান বিশ্বে জ্বালানি খাত প্রযুক্তিগত অগ্রগতি, জ্বালানি রূপান্তর (Energy Transition), জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং টেকসই উন্নয়নের ক্রমবর্ধমান চাহিদার কারণে এক নতুন বাস্তবতার মুখোমুখি। এ পরিবর্তিত প্রেক্ষাপটে দক্ষ মানবসম্পদ সৃষ্টি, গবেষণানির্ভর জ্ঞান উৎপাদন এবং উদ্ভাবনী প্রযুক্তির প্রয়োগ নিশ্চিত করা সময়ের অন্যতম প্রধান প্রয়োজন। নিরাপদ, নির্ভরযোগ্য ও টেকসই জ্বালানি ব্যবস্থা গড়ে তুলতে প্রশিক্ষণ ও গবেষণা অপরিহার্য ভূমিকা পালন করে।

মানসম্মত প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট পেশাজীবীরা আধুনিক প্রযুক্তি, নিরাপত্তা ব্যবস্থা এবং দক্ষ ব্যবস্থাপনা বিষয়ে হালনাগাদ জ্ঞান ও দক্ষতা অর্জন করেন। পাশাপাশি গবেষণা নবায়নযোগ্য জ্বালানি, বিকল্প শক্তির উৎস এবং উদ্ভাবনী প্রযুক্তির বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখে, যা জাতীয় জ্বালানি নিরাপত্তা ও টেকসই উন্নয়নকে আরও শক্তিশালী করে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) দেশের জ্বালানি ও খনিজ সম্পদ খাতের সক্ষমতা উন্নয়নে একটি বিশেষায়িত জাতীয় প্রতিষ্ঠান হিসেবে প্রশিক্ষণ, গবেষণা, সেমিনার ও জ্ঞানভিত্তিক কার্যক্রম পরিচালনা করে আসছে। সীমিত জনবল ও অবকাঠামোগত সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও ২০২৫ - ২৬ অর্থবছরে নির্ধারিত কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হয়েছে। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, বুনিয়াদি ও নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচির শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করা সম্ভব হয়েছে।

জাতীয় প্রয়োজন ও আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য রেখে দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং গবেষণা কার্যক্রম আরও সম্প্রসারণে বিপিআই ভবিষ্যতেও দেশের জ্বালানি ও খনিজ সম্পদ খাতের টেকসই উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা করি।

খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সূচিপত্র

ক্রমিক নং	পরিচ্ছেদ		বিষয়	পৃষ্ঠা নং
১।	প্রথম পরিচ্ছেদ	:	বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি	১-৪
২।	দ্বিতীয় পরিচ্ছেদ	:	বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর জনবল কাঠামো	৫-৬
৩।	তৃতীয় পরিচ্ছেদ	:	ফিরে দেখা সোনালি অতীত	৭-১০
৪।	চতুর্থ পরিচ্ছেদ	:	বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ২০২৪ - ২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম	১১-১৬
৫।	পঞ্চম পরিচ্ছেদ	:	গবেষণা কার্যক্রম	১৭-১৯
৬।	ষষ্ঠ পরিচ্ছেদ	:	২০২৫-২৬ অর্থবছরের কিছু উল্লেখযোগ্য অর্জন	২০-২৫
৭।	সপ্তম পরিচ্ছেদ	:	বাজেট ও হিসাব (২০২৫ - ২০২৬ অর্থবছর)	২৬-২৭
৮।	**অষ্টম** পরিচ্ছেদ	:	বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ভবিষ্যৎ পরিকল্পনা	২৮-২৯
৯।	নবম পরিচ্ছেদ	:	উপসংহার	৩০-৩০

প্রথম পরিচ্ছেদ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি

❖ ভূমিকা

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) দেশের জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে একটি উন্নয়ন প্রকল্প হিসেবে প্রতিষ্ঠিত হয়। ইউএনডিপি (UNDP), নোরাড (NORAD) এবং বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে প্রকল্পটি ১৯৮১-১৯৯২ এবং ১৯৯২-১৯৯৬ - এই দুই পর্যায়ে বাস্তবায়িত হয়। এ সময়েই প্রতিষ্ঠানের নিজস্ব ভবন নির্মিত হয়, যা পরবর্তীকালে পর্যায়ক্রমে সংস্কার ও আধুনিকায়নের মাধ্যমে প্রশিক্ষণ ও গবেষণার উপযোগী অবকাঠামোয় উন্নীত করা হয়েছে।

'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪'-এর মাধ্যমে বিপিআই একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন কার্যক্রম পরিচালনা শুরু করে। পরবর্তীতে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬' প্রণীত হয়। প্রতিষ্ঠার পর থেকে বিপিআই তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে কর্মরত জনবলের পেশাগত দক্ষতা উন্নয়নে কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা পরিচালনা, তথ্যভান্ডার (Data Bank) সংরক্ষণ এবং সরকারের জন্য নীতিগত ও কারিগরি পরামর্শ প্রদানের দায়িত্ব পালন করে আসছে।

প্রতিষ্ঠানটির পরিচালন ব্যয় সরকারি রাজস্ব খাত, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) ও পেট্রোবাংলার অনুদান এবং প্রশিক্ষণ কার্যক্রম থেকে অর্জিত আয় দ্বারা নির্বাহ করা হয়। প্রশিক্ষণ, গবেষণা, সমীক্ষা, প্রযুক্তি হস্তান্তর এবং জ্ঞানভিত্তিক উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে বিপিআই দেশের জ্বালানি খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে ধারাবাহিকভাবে অবদান রেখে চলেছে।

বিপিআই-এর সার্বিক কার্যক্রম ১০ সদস্যবিশিষ্ট গভর্নিং বোর্ডের নীতিগত দিকনির্দেশনা ও তত্ত্বাবধানে পরিচালিত হয়। এ পর্যন্ত ৯০টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে, যা প্রতিষ্ঠানের নীতি প্রণয়ন, প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

❖ রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

❖ অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।

❖ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন; এবং
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কার্যাবলি-

(ক) তৈল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তাকে উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বেয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) গবেষণা এবং কন্সালটেন্সীর মাধ্যমে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনসহ তৈল, গ্যাস ও খনিজ খাতে নিয়োজিত সরকারী সংস্থাকে সহায়তা;

(গ) তৈল গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(ঘ) একই ধরণের কর্মকান্ডে নিয়োজিত বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারী, বেসরকারী সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মাকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচী গ্রহণ করা;

(ঙ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তৈল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউটকে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(চ) ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় কোর্স ডিজাইন, কারিকুলাম, ও সিলেবাস প্রণয়ন করা;

(ছ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন ও তথ্য প্রকাশ এবং বিক্রয় করা;

(জ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে ‘‘ফি’’ গ্রহণ করা;

(ঝ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরী ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা; এবং

(ঞ) প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরুপ ইন্সটিটিউটের সাথে যোগযোগ ও সম্পর্ক স্থাপন করা।

➢ গভর্নিং বোর্ড

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)-এর কার্যক্রম নিম্নবর্ণিত ১০ (দশ) জন সদস্যদের সমন্বয়ে গঠিত বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।


ক্রমিক নং	পদবি ও সংস্থার নাম	বোর্ডের সদস্য
(১)	সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	চেয়ারম্যান
(২)	চেয়ারম্যান, বিপিসি	সদস্য
(৩)	চেয়ারম্যান, পেট্রোবাংলা	সদস্য
(৪)	বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট	সদস্য
(৫)	যুগ্মসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
(৬)	যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(৭)	মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	সদস্য
(৮)	চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(৯)	বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি	সদস্য
(১০)	মহাপরিচালক, বিপিআই	সদস্য সচিব

➢ প্রাতিষ্ঠানিক সদস্য পদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়নসংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি 'Bangladesh Society for Training and Development (BSTD)' -এর প্রাতিষ্ঠানিক সদস্য।

➢ ইন্সটিটিউটের অবস্থান

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ঢাকা নগরীর শেষ প্রান্তে উত্তরার ৮ নম্বর সেক্টরের ৫/এ নং প্লটে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।



চিত্রঃ বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর অবস্থানগত মানচিত্র।

দ্বিতীয় পরিচ্ছেদ
বিপিআই-এর জনবল কাঠামো

প্রতিষ্ঠানের জনবল কাঠামো সুদৃঢ়করণ এবং কার্যক্রমের ধারাবাহিকতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)-এ বিভিন্ন শূন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এ অর্থবছরে ৬ষ্ঠ গ্রেডের উপ-পরিচালক পদে ১ জন, ৯ম গ্রেডের বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ২ জন এবং ১৪তম গ্রেডের টেকনিশিয়ান (ল্যাব) পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। গভর্নিং বোর্ডের অনুমোদনক্রমে প্রচলিত বিধি-বিধান ও নির্ধারিত নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থীদের নির্বাচন নিশ্চিত করা হয়েছে। এ নিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানের জনবল সক্ষমতা বৃদ্ধি পেয়েছে, যা প্রশিক্ষণ, গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম অধিকতর দক্ষতা ও গতিশীলতার সঙ্গে পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবে। বর্তমানে বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীগণ নিষ্ঠা, স্বচ্ছতা ও পেশাদারিত্বের সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় অবদান রেখে চলেছেন।

➢ জনবল কাঠামো

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর বিদ্যমান জনবল চিত্র নিচে তুলে ধরা হলো :

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শূন্য	মন্তব্য
১।	মহাপরিচালক	০১	০১	--	প্রেষণে নিয়োজিত
২।	পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)	০১	০১	--	প্রেষণে নিয়োজিত
৩।	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	০২	০০	০২	২টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত
৪।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	০৩	০২	০১	১টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত
৫।	উপপরিচালক	০২	০১	০১	১টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত
৬।	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	০৮	০৬	০২	নিয়োগ কার্যক্রম চলমান
৭।	সহকারী পরিচালক	০৪	০৩	০১	ঐ
	২য়-৯ম গ্রেড মোট	**২১**	**১৪**	**০৭**	
৮।	হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার	০১	০১	--	
৯।	পিএ	০৩	০১	০২	ঐ
১০।	নকশাকার	০১	০১	--	
১১।	টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার)	০২	০২	০	
১২।	সহকারী (স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরি)	০৪	০৪	০	সহকারী (প্রশিক্ষণ) এর ১টি পদ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত
১৩।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	০	০৩	আউটসোর্সিং নীতিমালা অনুসারে স্থায়ী নিয়োগ প্রদান করা যাচ্ছে না বিধায় আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োগ কার্যক্রম চলমান

১৪।	গাড়িচালক	০৪	০৩	০১	আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত; স্থায়ী নিয়োগ এর জন্য তফসিল সংশোধন কার্যক্রম চলমান
	১৩-১৬তম গ্রেড মোট	**১৮**	**১২**	**০৬**	
ক্রমিক নং	**পদের নাম**	**পদ সংখ্যা**	**কর্মরত**	**শূন্য**	**মন্তব্য**
১৫।	ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিসি অপারেটর	০২	০১	০১	আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগের অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে
১৬।	ল্যাব এটেনডেন্ট	০১	০১	--	আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত
১৭।	দপ্তরি	০১	০১	--	
১৮।	অফিস সহায়ক	০৬	০২	০৪	বিদ্যমান বিধিমালা অনুযায়ী নিয়োগ দেয়া যাচ্ছে না। প্রবিধানমালা সংশোধনীর কার্যক্রম চলমান।
১৯।	নিরাপত্তা প্রহরী	০৩	০৩	--	আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত
২০।	পরিচ্ছন্নতা কর্মী	০১	০১	--	
২১।	মালী	০১	০১	--	
	১৭-২০তম গ্রেড মোট	**১৫**	**১০**	**০৫**	
	সর্বমোট : (১ম+৩য়+৪র্থ)	**৫৪**	**৩৬**	**১৮**	

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে মোট ১৮টি পদ শূন্য রয়েছে। এর মধ্যে ০৪টি পদ প্রবিধানমালা অনুযায়ী পদোন্নতির জন্য সংরক্ষিত। এছাড়া, গাড়ির স্বল্পতার কারণে গাড়িচালকের ০১টি পদ শূন্য রাখা হয়েছে। অবশিষ্ট শূন্যপদসমূহের মধ্যে ০৫টি পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। আরও ০৪টি পদে বিদ্যমান নিয়োগবিধির জটিলতার কারণে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে না; এ লক্ষ্যে প্রবিধানমালা সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ০৪টি শূন্য পদে বিদ্যমান নীতিমালার সীমাবদ্ধতার কারণে স্থায়ী নিয়োগ প্রদান সম্ভব না হওয়ায় আউটসোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, উপর্যুক্ত শূন্যপদসমূহের বাইরে কুক, সহকারী কুক, মশালচি ও হোস্টেল অ্যাটেনডেন্টসহ কয়েকটি সেবা-সংক্রান্ত পদ অর্থ বিভাগের অনুমোদনক্রমে আউটসোর্সিংয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জনবল কাঠামোর পুনর্গঠন এবং যুগোপযোগী যন্ত্রপাতি সংগ্রহ অত্যন্ত জরুরি। এ লক্ষ্যে ইতোমধ্যে একটি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে, যা প্রশিক্ষণ ও গবেষণার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

তৃতীয় পরিচ্ছেদ
ফিরে দেখা সোনালি অতীত

বাংলাদেশের জ্বালানি ও খনিজ সম্পদ খাতের টেকসই উন্নয়ন, দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং প্রযুক্তিনির্ভর গবেষণা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করে ১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)' একটি উন্নয়ন প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে। জাতীয় পর্যায়ে জ্বালানি খাতের প্রশিক্ষণ, গবেষণা এবং কারিগরি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটি সময়ের প্রয়োজনে ধারাবাহিকভাবে বিকশিত হয়েছে।

ইউএনডিপি (UNDP), নোরাড (NORAD) এবং বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে প্রকল্পটি দুই পর্যায়ে (১৯৮১-১৯৯২ এবং ১৯৯২-১৯৯৬) বাস্তবায়িত হয়। প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হয় ১৯৬০.১৯ লক্ষ টাকা, যার মধ্যে বৈদেশিক মুদ্রায় ১১৭৫.৪৫ লক্ষ টাকা এবং স্থানীয় মুদ্রায় ৭৮৪.৭৪ লক্ষ টাকা ব্যয় করা হয়। এ সময়েই বিপিআই-এর নিজস্ব কার্যালয় ভবন নির্মিত হয়, যা বর্তমানে আধুনিক প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনার একটি গুরুত্বপূর্ণ অবকাঠামো হিসেবে ব্যবহৃত হচ্ছে।

প্রকল্প সমাপ্তির পর ২০ জুলাই ১৯৯৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী, Production Sharing Contract (PSC)-এর আওতায় বিদেশি তেল কোম্পানির নিকট থেকে পেট্রোবাংলার প্রাপ্ত অর্থের মাধ্যমে প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা হয়। পরবর্তীতে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪' প্রণয়নের মাধ্যমে বিপিআই একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে রূপান্তরিত হয় এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন একটি বিশেষায়িত জাতীয় প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা শুরু করে। পরবর্তীতে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬' প্রণীত হয়।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর মূল দায়িত্বের মধ্যে রয়েছে - তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা, সমীক্ষা সম্পাদন, প্রযুক্তি হস্তান্তর, তথ্যভান্ডার সংরক্ষণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারকে কারিগরি ও নীতিগত সহায়তা প্রদান। প্রতিষ্ঠানটির সার্বিক কার্যক্রম 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪'-এর বিধান অনুযায়ী গঠিত ১০ সদস্যবিশিষ্ট গভর্নিং বোর্ডের তত্ত্বাবধানে পরিচালিত হয়।

প্রতিষ্ঠালগ্ন থেকে বিপিআই দেশের জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা এবং গবেষণাভিত্তিক জ্ঞানচর্চা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। নিয়মিত ও বিশেষায়িত প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন সময়ে পরিচালিত গবেষণা প্রকল্পসমূহ জাতীয় জ্বালানি নীতি বাস্তবায়ন এবং খাতের উন্নয়নে কার্যকর অবদান রেখেছে। এ পর্যন্ত বিপিআই কর্তৃক ২৬টি গবেষণা প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে, যা জাতীয় জ্বালানি ও খনিজনীতি বাস্তবায়নে সহায়ক ভূমিকা রেখেছে। বর্তমানে গবেষণা ও প্রশিক্ষণের এই ধারাবাহিকতা আরও বিস্তৃত ও আধুনিকায়নের পথে অগ্রসর হচ্ছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) প্রতিবছর বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমানবাহিনীর সদস্যদের জন্য Storage, Handling and Maintenance of POL Products and Aircraft Refueling শীর্ষক বিশেষায়িত প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের সহযোগিতায় পরিচালিত এ প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীরা পেট্রোলিয়াম, অয়েল ও লুব্রিক্যান্টস (POL) পণ্যের নিরাপদ সংরক্ষণ, পরিচালনা এবং রিফুয়েলিং সংক্রান্ত ব্যবহারিক ও কারিগরি দক্ষতা অর্জনের সুযোগ পান।





চিত্র : বাংলাদেশ বিমানবাহিনী, সেনাবাহিনী ও নৌবাহিনীর সদস্যদের জন্য আয়োজিত ২০২৫-২৬ সালের প্রশিক্ষণের সনদপত্র বিতরণ ও সমাপনী অনুষ্ঠান

সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি জ্বালানি খাতের জনবলের সক্ষমতা উন্নয়নেও বিপিআই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০১৯ সাল থেকে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও শিল্পপ্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের জন্য সচেতনতামূলক ও কারিগরি প্রশিক্ষণ কর্মসূচি নিয়মিত পরিচালিত হচ্ছে। নিরাপদ জ্বালানি ব্যবহার, এলপিজি ব্যবস্থাপনা, শিল্প নিরাপত্তা এবং পরিবেশসম্মত কার্যপদ্ধতি বিষয়ে এসব প্রশিক্ষণ বেসরকারি খাতের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখছে।

এছাড়া বিভিন্ন কোম্পানি, সংস্থা ও দপ্তরের এবং ২০২৫-২৬ অর্থবছর থেকে পেট্রোবাংলার নবনিযুক্ত কর্মকর্তাদের জন্য বিপিআই নিয়মিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করছে। এসব প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক এবং জ্বালানি ও খনিজ সম্পদ খাতের অভিজ্ঞ দেশীয় বিশেষজ্ঞগণ প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ করেন, যার মাধ্যমে অংশগ্রহণকারীরা কারিগরি জ্ঞানের পাশাপাশি প্রশাসনিক ও পেশাগত দক্ষতা অর্জনের সুযোগ পান। প্রশিক্ষণের গুণগত মান উন্নয়ন এবং অংশগ্রহণকারীদের ব্যবহারিক অভিজ্ঞতা সমৃদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণের সঙ্গে সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠান, প্রকল্প ও স্থাপনা পরিদর্শনের ব্যবস্থা রাখা হয়। এসব শিক্ষা সফরের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা মাঠপর্যায়ে প্রযুক্তির বাস্তব প্রয়োগ, যন্ত্রপাতির পরিচালন পদ্ধতি এবং সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে প্রত্যক্ষ ধারণা লাভ করেন।

স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় জোরদার এবং প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমকে যুগোপযোগী করার লক্ষ্যে বিপিআই নিয়মিত মতবিনিময় সভা ও পরামর্শমূলক কর্মসূচির আয়োজন করে থাকে। এ ধরনের উদ্যোগের মাধ্যমে জাতীয় জ্বালানি ও খনিজ সম্পদ খাতের প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্র নির্ধারণ করা সহজ হয়।



চিত্র : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের (FTC-6) ফিল্ড ভিজিট এর অংশ (২০২৫-২৬ অর্থবছর)



চিত্র : ট্রেনিং ও গবেষণা খাত-কে কিভাবে আরও উন্নয়ন করা যায় সে বিষয়ে স্টেকহোল্ডার প্রতিষ্ঠান/কোম্পানীগুলোর সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভা (২০২৫-২৬ অর্থবছর)

চতুর্থ পরিচ্ছেদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম

প্রশিক্ষণ

অর্থবছর ২০২৫-২৬ এ বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে দক্ষতা উন্নয়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করেছে। এ সময়ে মোট ৩৬টি প্রশিক্ষণ কর্মসূচি (২৬টি ক্যালেন্ডারভুক্ত ও ১০টি অনুরোধভিত্তিক) অনুষ্ঠিত হয়, যেখানে জ্বালানি খাতের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ১,১৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণসমূহে কারিগরি বিষয়ে এসকাডা সিস্টেম, তেল ও গ্যাস পাইপলাইন ডিজাইন, অপারেশন, রক্ষণাবেক্ষণ ও সাইবার নিরাপত্তা এবং প্রশাসনিক ও অ-কারিগরি বিষয়ে অফিস ম্যানেজমেন্ট, মানবসম্পদ ব্যবস্থাপনা, সরকারি ক্রয় পদ্ধতি ও টেকসই উন্নয়ন সম্পর্কিত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত ছিল। এ সাফল্যের মাধ্যমে বিপিআই দেশের জ্বালানি খাতের দক্ষ জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পাশাপাশি কার্যকর কর্মসম্পাদনের সক্ষমতা প্রদর্শন করেছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/ সংস্থা/ কোম্পানি সমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপণের জন্য সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৫-২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণি-১) প্রণয়ন করা হয়, যা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়।

২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা:

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ইএমআরডি)-এর মাননীয় সচিবের সভাপতিত্বে পরিচালিত গভর্নিং বোর্ড ২০২৫–২৬ অর্থবছরের বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা অনুমোদন করেছেন, যা মোট ২৬টি প্রশিক্ষণ সেশন অন্তর্ভুক্ত করেছে। এছাড়াও, অনুরোধের ভিত্তিতে অতিরিক্ত ১০টি প্রশিক্ষণ সেশন অনুষ্ঠিত হয়েছে। তন্মধ্যে, দুইটি বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রমও সফলভাবে সম্পন্ন হয়েছে। এই সেশনগুলো জ্বালানি ও খনিজ সম্পদ খাতের প্রাসঙ্গিক কারিগরি ও প্রশাসনিক (অ-কারিগরি) বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করেছে।


সারণি-১: ২০২৫-২৬ অর্থবছরের ক্যালেন্ডারভুক্ত প্রশিক্ষণ এর তালিকা

ক্র. নং	প্রশিক্ষণের নাম	দিন	অংশগ্রহণকারী সংখ্যা	প্রতি অংশগ্রহণকারীর কোর্স ফি (BDT)	তারিখ	স্থান
১	Advanced Office Management	৫	২৪	১৮৫০০	২০ - ২৪ জুলাই, ২০২৫	বিপিআই
২	Oil & Gas Network Analysis, SCADA and Leak Detection	৫	৫০	১৮৫০০	২৭ - ৩১ জুলাই, ২০২৫	বিপিআই
৩	Fire Fighting, First Aid and Rescue Operation	৩	৬২	৯৬০০	১২ - ১৪ আগস্ট, ২০২৫	বিপিআই
৪	Project Management	৫	৩০	১৮৫০০	১৭ - ২১ আগস্ট, ২০২৫	বিপিআই
৫	Gas & Oil Metering System	৫	৫৩	১৮৫০০	৩১ আগস্ট - ০৪ সেপ্টেম্বর, ২০২৫	বিপিআই
৬	Human Resources Management (HRM)	৫	৩৩	১৮৫০০	০৭ - ১১ সেপ্টেম্বর, ২০২৫	বিপিআই
৭	Presentation and Communication Skills	৩	৩০	৯৬০০	১৬ - ১৮ সেপ্টেম্বর, ২০২৫	বিপিআই
৮	Public Procurement Management and E-GP	৮	৫০	২৯৫০০	২১ - ৩০ সেপ্টেম্বর, ২০২৫	বিপিআই
৯	Taxation, Customs and VAT Management	৩	৩৪	৯৬০০	০৭ - ০৯ অক্টোবর, ২০২৫	বিপিআই
১০	Company Act, Rules and Smart Case Management System	৫	২৭	১৮৫০০	১২ - ১৬ অক্টোবর, ২০২৫	বিপিআই
১১	Financial Management (Budget, Audit and Accounts)	৫	৩১	১৮৫০০	১৯ - ২৩ অক্টোবর, ২০২৫	বিপিআই
১২	Design, Construction, Operation & Maintenance of Oil & Gas Pipeline	৫	৩১	১৮৫০০	২৬ - ৩০ অক্টোবর, ২০২৫	বিপিআই
১৩	Geology for Non-Geologist	৩	৩৫	৯৬০০	১১ - ১৩ নভেম্বর, ২০২৫	বিপিআই
১৪	Labor Act, Rules, Policies & Human Rights	৫	২৫	১৮৫০০	০৭ - ১১ ডিসেম্বর, ২০২৫	বিপিআই
১৫	Annual Confidential Report (ACR) Writing	১	৪২	৩০০০	২২ ডিসেম্বর, ২০২৫	অনলাইন

ক্র. নং	প্রশিক্ষণের নাম	দিন	অংশগ্রহণকারী সংখ্যা	প্রতি অংশগ্রহণকারীর কোর্স ফি (BDT)	তারিখ	স্থান
১৬	Occupational Health, Safety and Environmental Management	৫	২৯	১৮৫০০	১১ - ১৫ জানুয়ারি, ২০২৬	বিপিআই
১৭	Prepaid Gas Metering System (Installation and Maintenance)	৫	২২	১৮৫০০	১৮ - ২২ জানুয়ারি, ২০২৬	বিপিআই
১৮	International Contract and Negotiation	৩	১৫	৯৬০০	২৭ - ২৯ জানুয়ারি, ২০২৬	বিপিআই
১৯	Corrosion Management	৪	২৭	১৩৫০০	০১ - ০৫ ফেব্রুয়ারি, ২০২৬	বিপিআই
২০	Advanced Store Keeping and Stock Control (Inventory Management)	৫	৩১	১৮৫০০	১৭ - ২১ মে, ২০২৬	বিপিআই
২১	Sustainable Development Goal (SDG)	৩	২৮	৭৫০০	১৭ - ১৯ ফেব্রুয়ারি, ২০২৬	বিপিআই
২২	Material Engineering Codes and Standards	৫	২৫	১৮৫০০	০৫ – ০৯ এপ্রিল, ২০২৬	বিপিআই
২৩	Usages of Explosives in Petroleum and Mining Industry	২	১৩	৬০০০	১২-১৩ এপ্রিল, ২০২৬	বিপিআই
২৪	ICT, Cyber Security, Computer Networking Including AI/ML	৫	১৪	১৮৫০০	১৯ – ২৩ এপ্রিল, ২০২৬	বিপিআই
২৫	Offshore and Blue Economy	১	১৯	৩০০০	১০ জুন, ২০২৬	অনলাইন
২৬	Gas Stations (DRS/RMS/TBS) Design, Construction, Operation and Maintenance	৫	৩০	১৮৫০০	১০ - ১৪ মে, ২০২৬	বিপিআই
মোট			**৮১০**			

সারণি-২: ২০২৫-২৬ অর্থবছরের অনুরোধের ভিত্তিতে প্রশিক্ষণ এর তালিকা

ক্র. নং	প্রশিক্ষণের নাম	দিন	অংশগ্রহণকারীর সংখ্যা	প্রতি অংশগ্রহণকারীর কোর্স ফি (BDT)	তারিখ	স্থান
১	Storage, Handling, Maintenance of POL Products and Aircraft Refueling	১৫	২০	৫৭৫০০	০৩ - ২১ আগস্ট, ২০২৫	বিপিআই
২	Solar Project Development	৫	২৫	১৮৫০০	১৪ - ১৮ সেপ্টেম্বর, ২০২৫	রেডিসন ব্লু, চট্টগ্রাম
৩	Solar Project Development	৫	২৮	১৮৫০০	০২ - ০৬ নভেম্বর, ২০২৫	লা মেরিডিয়ান, ঢাকা
৪	Fire Fighting, First Aid and Rescue Operation	৩	২৮	৯৬০০	০৯ - ১১ নভেম্বর, ২০২৫	বিপিআই
৫	Special Foundation Training 6th Batch	২ মাস	৩১	১৬০০০০	০৪ মার্চ – ০৫ এপ্রিল, ২০২৬	বিপিআই
৬	ICT and Office Application 365	২	৭১	LS	১১ ও ১৮ এপ্রিল, ২০২৬	বিপিআই
৭	Effective Management of Development Projects	১০	২৮	৩৭৫০০	২৬ এপ্রিল - ০৭ মে, ২০২৬	বিপিআই
৮	Special Foundation Training 7th Batch	২ মাস	৩০	১৬০০০০	০৬ এপ্রিল - ১৫ জুন, ২০২৬	বিপিআই
৯	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নিরাপত্তা (সাইবার সিকিউরিটি)	২	৪৪	LS	১৫ – ১৬ এপ্রিল, ২০২৬	অনলাইন
১০	Public Procurement Management	৫	২৫	১৮৫০০	১৪-১৮ জুন, ২০২৬	বিপিআই
মোট			**৩৩০**			



চিত্র: বিগত অর্থবছরসমূহ এবং ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যার তুলনামূলক চিত্র









চিত্রঃ বিপিআই কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণের কিছু খন্ডচিত্র

পঞ্চম পরিচ্ছেদ

গবেষণা কার্যক্রম

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সূচনালগ্ন থেকে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের গবেষণা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দক্ষ জনবল কাঠামো বিনির্মাণে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বিভিন্ন ধরনের উন্নতমানের গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

নিম্নে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত কিছু গবেষণার শিরোনাম উল্লেখ করা হলো:

Serial No.	Research Topic
1.	Joint study on the Petroleum systems of the Surma Basin, Bangladesh- (2018) Phase III.
2.	Joint study report on Petroleum systems study of Surma Basin, Bangladesh (2010) Phase-II.
3.	Gravity, magnetic, seismo-stratigraphic and structural characteristics of the North - Eastern Bengal Basin (Phase-II)
4.	Joint research for the Petroleum Systems in the Bengal Basin. (November, 2002)
5.	Seismic evidences on the occurrence of hydrocarbon in the Madarganj and Sariakandi areas of Jamalpur and Bogra districts respectively, (December, 2000)
6.	Stratigraphic and structural features pertinent to the techtonic ceasing phase of the Surma Basin and Upliftment of the Madhupur tract regions of North-Eastern Bengal Basin. (June, 1999)
7.	Gravity, magnetic, seismo-stratigraphic and structural characteristics of the North-Eastern Bengal Basin (Phase-1), June, 1997
8.	Mineralogical, crystalline and X-ray fabric study of the argillacious rocks of the Sitakund anticline.
9.	Petrographic characterization of Neogene reservoir sandstones of Fenchuganj-2, Kamta-1 and Belabo-1 wells, Bangladesh.
10.	Sedimentology and depositional environment of the Bengal Basin sub-surface Neogene succession based on detail facies and electrofacies analysis: A case study of the Kailashtilla, Rashidpur and Bakhrabad structures in norteastern Bangladesh.
11.	Mineralogy and clay diagenesis of Neogene Shales from Patharia-5 Sitakund-1 wells, Eastern Folded belt, Bangladesh.
12.	Deep seismic line LRU-4 in the Lalmai-Rukhia Area-Processing and interpretation.
13.	Resource assessment of the Kailashtial gas/condensate Field, October 1992

14.	Structural modeling of outcropping anticlines in the eastern folded belt of Bangladesh, Role Clay Diapirism-a regional synthesis.
15.	Velocity distribution in Bengal basin, Bangladesh, September
16.	The Crustal structure in Bangladesh, August 1991
17.	Haripur Structure-Sylhet, seismic interpretation, July 1991
18.	The Optimum Ratio of Propane and Butane in LPG, July 2022
19.	Geochemical Characteristics of Neogene Shales form Zakiganj- 1 Well Zakiganj-1 wells at Eastern folded flank, Bangladesh: implication to delineate the Provenance, Weathering and Tectonic Setting.
20.	Geochemistry and geochronology of iron bearing basement rocks, Dinajpur district, Bangladesh.
21.	Design and Construction of Remotely Operated Vehicle (ROV) for Oil and Gas Industry in Bangladesh: Implementation of Artificial Intelligence (AI) and Machine Learning (ML)
22.	Study on the Combustion Properties and Transmission Compatibility of Hydrogen - Natural Gas Admixture; An Endeavor for Reducing Carbon Emission using Clean Hydrogen Fuel in existing Natural Gas Network of Bangladesh
23.	Evaluating the Functional Impact of Technical Trainings on Petroleum Sector Conducted by Bangladesh Petroleum Institute
24.	Study on the Existing Corrosion Management System of Gas Pipelines in Gas Distribution Companies in Bangladesh
25.	Shelf-Margin Clinoform Architecture and Stratigraphic Play Potential in the Bengal Basin Hinge Zone: Implications for Emerging Hydrocarbon Exploration Frontiers
26.	Multi-Model Machine Learning Framework for Drilling Parameter Optimization and Hazard Detection in Enhanced Oil and Gas Operations

২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) সফলভাবে তিনটি গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে। গবেষণা শিরোনামগুলো হলো

১। Study on the Existing Corrosion Management System of Gas Pipelines in Gas Distribution Companies in Bangladesh- এ গবেষণার মাধ্যমে বাংলাদেশের গ্যাস বিতরণ কোম্পানিগুলোতে বিদ্যমান গ্যাস পাইপলাইনের ক্ষয় (Corrosion) ব্যবস্থাপনা পদ্ধতি ও এর সাথে জড়িত জনবল

কার্যকারিতা মূল্যায়ন করা হয়েছে। এর ফলে পাইপলাইনের নিরাপত্তা, নির্ভরযোগ্যতা এবং দীর্ঘমেয়াদি পরিচালন সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সুপারিশ চিহ্নিত করা সম্ভব হয়েছে, যা গ্যাস সরবরাহ ব্যবস্থার স্থায়িত্ব নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা রাখবে।

২। Shelf-Margin Clinoform Architecture and Stratigraphic Play Potential in the Bengal Basin Hinge Zone: Implications for Emerging Hydrocarbon Exploration Frontiers- এ গবেষণায় বেঙ্গল বেসিনের হিঞ্জ জোনে Shelf-Margin Clinoform Architecture এবং স্তরতাত্ত্বিক (Stratigraphic) সম্ভাবনা বিশ্লেষণ করা হয়েছে। গবেষণার ফলাফল নতুন হাইড্রোকার্বন অনুসন্ধান ক্ষেত্র শনাক্তকরণ, ভূতাত্ত্বিক ঝুঁকি হ্রাস এবং ভবিষ্যৎ জ্বালানি সম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করবে।

৩। Multi-Model Machine Learning Framework for Drilling Parameter Optimization and Hazard Detection in Enhanced Oil and Gas Operations- এ গবেষণার মাধ্যমে তেল ও গ্যাস খাতে ড্রিলিং কার্যক্রমের বিভিন্ন অপারেশনাল প্যারামিটার অপ্টিমাইজেশন এবং সম্ভাব্য ঝুঁকি শনাক্তকরণে Multi-Model Machine Learning Framework-এর কার্যকারিতা যাচাই করা হয়েছে। এর ফলে ড্রিলিং প্রক্রিয়ার দক্ষতা বৃদ্ধি, অপারেশনাল ব্যয় হ্রাস এবং নিরাপদ উৎপাদন ব্যবস্থা নিশ্চিত করার সম্ভাবনা সৃষ্টি হয়েছে।

ষষ্ঠ পরিচ্ছেদ

২০২৫-২৬ অর্থবছরের কিছু উল্লেখযোগ্য অর্জন

প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) ২০২৫–২৬ অর্থবছরে প্রশিক্ষণ, গবেষণা, প্রযুক্তি উন্নয়ন এবং দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে দেশের স্বনামধন্য ০৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে। এ সমঝোতা স্মারকসমূহের মাধ্যমে জ্বালানি ও খনিজসম্পদ খাতে পারস্পরিক সহযোগিতা, জ্ঞান ও প্রযুক্তি বিনিময়, গবেষণা কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণ আয়োজন এবং সক্ষমতা উন্নয়নে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে।

সমঝোতা স্মারক স্বাক্ষরিত প্রতিষ্ঠানসমূহ হলো –

- Department of Geology and Mining, University of Rajshahi;
- CodersTrust Limited;
- Bangladesh Council of Scientific and Industrial Research (BCSIR);
- Department of Petroleum and Mineral Resources Engineering, Bangladesh University of Engineering and Technology (BUET); এবং
- Petrobangla

এসব সমঝোতা স্মারকের আওতায় প্রশিক্ষণ ও গবেষণায় যৌথ উদ্যোগ গ্রহণ, কারিগরি জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবনমূলক কার্যক্রম বাস্তবায়ন এবং জ্বালানি ও খনিজসম্পদ খাতের টেকসই উন্নয়নে সহযোগিতার ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে। বিপিআই বিশ্বাস করে যে, এ ধরনের অংশীদারিত্বমূলক উদ্যোগ দেশের জ্বালানি ও খনিজসম্পদ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তিগত উৎকর্ষ সাধন এবং আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।





চিত্রঃ বিপিআই কর্তৃক প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

GIZ - এর সহযোগিতায় নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন

নবায়নযোগ্য জ্বালানি খাতে দক্ষ মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) জার্মান উন্নয়ন সংস্থা GIZ-এর আর্থিক ও লজিস্টিক সহায়তায় যৌথভাবে 'Solar Project Development' শীর্ষক ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে আয়োজন করেছে।

প্রশিক্ষণের প্রথম ব্যাচে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এবং এর অধীনস্থ কোম্পানিসমূহের ২৫ (পঁচিশ) জন কর্মকর্তা চট্টগ্রামে প্রশিক্ষণ গ্রহণ করেন। অপরদিকে, দ্বিতীয় ব্যাচে পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানিসমূহের ২৮ (আটাশ) জন কর্মকর্তা ঢাকায় অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

উক্ত প্রশিক্ষণের মাধ্যমে সৌরবিদ্যুৎ প্রকল্প পরিকল্পনা, উন্নয়ন ও বাস্তবায়ন-সংক্রান্ত কারিগরি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা উন্নয়ন সম্ভব হয়েছে। এ ধরনের যৌথ উদ্যোগ দেশের জ্বালানি খাতে নবায়নযোগ্য জ্বালানির প্রসার, প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং টেকসই জ্বালানি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়।

ডাউনস্ট্রিম খাতে দক্ষ জনবল উন্নয়নে SICIP-এর সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

দেশের জ্বালানি খাতের ডাউনস্ট্রিম পর্যায়ে দক্ষ, সনদপ্রাপ্ত ও আন্তর্জাতিক মানসম্পন্ন মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) ২০২৫-২৬ অর্থবছরে অর্থ বিভাগের আওতাধীন Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)-এর সঙ্গে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে।

উক্ত সমঝোতা স্মারকের আওতায় ২০২৬-২০২৯ মেয়াদে শিল্পের চাহিদাভিত্তিক দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ, দক্ষতাভিত্তিক মূল্যায়ন এবং জাতীয় মানসম্পন্ন সার্টিফিকেশন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। পাশাপাশি প্রশিক্ষণ-পরবর্তী কর্মসংস্থান নিশ্চিতকরণ, প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থান পর্যবেক্ষণ এবং ফলাফলভিত্তিক মনিটরিং ব্যবস্থাও কার্যক্রমের অন্তর্ভুক্ত থাকবে।

এ কার্যক্রমের মাধ্যমে এলপিজি রিফিলিং স্টেশন, সিএনজি স্টেশন, গ্যাসভিত্তিক শিল্প-প্রতিষ্ঠান এবং অন্যান্য ডাউনস্ট্রিম স্থাপনায় কর্মরত জনবলের দক্ষতা উন্নয়ন ও জাতীয় মানসম্পন্ন সার্টিফিকেশন নিশ্চিত করা হবে। একই সঙ্গে নারী এবং সামাজিকভাবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থানমুখী দক্ষ মানবসম্পদ উন্নয়নে বিশেষ গুরুত্ব প্রদান করা হবে।

বিপিআই বিশ্বাস করে যে, SICIP-এর সঙ্গে এই অংশীদারিত্ব দেশের জ্বালানি খাতে দক্ষ মানবসম্পদ উন্নয়ন, আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ ও সার্টিফিকেশন ব্যবস্থা প্রবর্তন, প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং শিল্পের চাহিদা অনুযায়ী কর্মসংস্থানযোগ্য জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



চিত্রঃ বিপিআই কর্তৃক ডাউনস্ট্রিম খাতে দক্ষ জনবল উন্নয়নে SICIP-এর সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর

“Strengthening Capacity of BPI” প্রকল্পের প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও অগ্রগতি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই)-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে **“বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (Strengthening Capacity of Bangladesh Petroleum Institute)”** শীর্ষক একটি উন্নয়ন প্রকল্প (ডিপিপি) প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটির প্রস্তাবিত মেয়াদ জানুয়ারি ২০২৬ হতে ডিসেম্বর ২০২৯ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে এবং প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৬,৫৭৮.৬২ লক্ষ টাকা।

প্রস্তাবিত প্রকল্পের আওতায় বিপিআই-এর জন্য **২টি বেইজমেন্টসহ ১৩ তলা আধুনিক ভবন নির্মাণ**, আন্তর্জাতিক মানসম্পন্ন **পেট্রোলিয়াম ল্যাবরেটরি, সিমুলেশন ল্যাবরেটরি এবং কম্পিউটার ও কমিউনিকেশন ল্যাবরেটরি** স্থাপন, আধুনিক তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ অবকাঠামো উন্নয়ন, ডিজিটাল লাইব্রেরি ও স্মার্ট ক্লাসরুম প্রতিষ্ঠা, আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম সম্প্রসারণ এবং জ্বালানি খাতের জন্য দক্ষ মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে।


২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পটির ডিপিপি পর্যালোচনা ও হালনাগাদের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মতামতের ভিত্তিতে প্রকল্প প্রস্তাবনা পরিমার্জনের কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বিপিআই একটি আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ, গবেষণা ও প্রযুক্তি-ভিত্তিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠবে এবং জ্বালানি ও খনিজসম্পদ খাতে দক্ষ মানবসম্পদ উন্নয়ন, গবেষণা সক্ষমতা বৃদ্ধি ও আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা করা যায়।

অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরূপ-

- বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ২০২৫-২৬ অর্থ বছরে সঞ্জীবনী প্রশিক্ষণের আয়োজন করে। বিপিআই-এর মোট ২৫ জন কর্মকর্তা/কর্মচারী সঞ্জীবনী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সঞ্জীবনী প্রশিক্ষণে বিপিআই খাগড়াছড়ি হর্টিকালচার সেন্টারে অবস্থান করেন।
- বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ২০২৫-২৬ অর্থ বছরে মোট ২৬ টি সেমিনার আয়োজন করে। উক্ত সেমিনারসমূহে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল দপ্তর সংস্থা ও কোম্পানীর অধীন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
- বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ২০২৫-২৬ অর্থ বছরে সকল কর্মকর্তা/কর্মচারীগণকে ৬০ ঘন্টার বেশি অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করেছে।








চিত্রঃ বিপিআই কর্তৃক GIZ - এর সহযোগিতায় ২০২৫-২৬ অর্থবছরে আয়োজিত নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে প্রশিক্ষণের কিছু খন্ডচিত্র







চিত্রঃ বিপিআই কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে আয়োজিত সঞ্জীবনী প্রশিক্ষণের কিছু খন্ডচিত্র






চিত্রঃ বিপিআই কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে আয়োজিত বিভিন্ন সেমিনার/ কর্মশালার কিছু খন্ডচিত্র

সপ্তম পরিচ্ছেদ

বাজেট ও হিসাব (২০২৪-২৫ অর্থবছর)

বাজেট ও হিসাব

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর আর্থিক হিসাব ও ব্যবস্থাপনার জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, লেনদেনসহ আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারি অনুদান
(খ) পেট্রোবাংলার অনুদান
(গ) বিপিসির অনুদান
(ঘ) নিজস্ব আয়

২০২৫-২৬ অর্থবছরের আয়

ক্র. নং	খাতসমূহ	২০২৫-২৬ অর্থবছরের জুলাই, ২০২৫ হতে জুন, ২০২৬ পর্যন্ত আয়
১	সরকারী অনুদানঃ সরকারের সাধারণ মঞ্জরী হিসেবে বার্ষিক অনুদান	৩৪,৯৮১,৭৪৯.০০
২	পেট্রোবাংলা হতে বার্ষিক অনুদান	৪,০০০,০০০.০০
৩	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন হতে বার্ষিক অনুদান	২,০০০,০০০.০০
৪	ইন্সটিটিউটের নিজস্ব আয় (প্রশিক্ষণ ফি ও অন্যান্য)	১৫,৬৮২,৬৯০.০০
৫	বিপিআই এর নিজস্ব তহবিল বিনিয়োগ থেকে অর্জিত সুদ	১৩,৬৫৪,০১০.০০
৬	BPI-SICIP Program হতে আয়	৫০২,৪২৭.০০
	মোট=	৭০,৮২০,৮৭৬.০০

২০২৫-২৬ অর্থ বছরের অর্থ বিভাগের সংশোধিত বরাদ্দে ৩৬,৩২০,০০ /- (তিন কোটি তেষট্টি লক্ষ বিশ হাজার) টাকা এবং বিপিআই এর নিজস্ব ফান্ড থেকে প্রস্তাবিত বরাদ্দের ২৬,৮৭৩,৯৬৪ /- (দুই কোটি আটষট্টি লক্ষ তিয়াত্তর

হাজার নয়শত চৌষট্টি) টাকাসহ মোট ৬৩,১৯৩,৯৬৪/- (ছয় কোটি একত্রিশ লক্ষ তিরানব্বই হাজার নয়শত চৌষট্টি) টাকা। উক্ত বরাদ্দের বিপরীতে অর্থ বিভাগের অনুমোদিত সংশোধিত বরাদ্দ হতে ব্যয় ৩৪,৯৮১,৭৪৯/-(তিন কোটি উনপঞ্চাশ লক্ষ একাশি হাজার সাতশত উনপঞ্চাশ) টাকা এবং বিপিআই-এর নিজস্ব ফান্ড/তহবিল হতে সংশোধিত বরাদ্দ হতে ব্যয় ২,৩৩,২১,৬৪২/- (দুই কোটি তেত্রিশ লক্ষ একুশ হাজার ছয়শত বিয়াল্লিশ) টাকাসহ সর্বমোট ব্যয় হয় ৫,৮৩,০৩,৩৯১/- (পাঁচ কোটি তিরাশি লক্ষ তিন হাজার তিনশত একানব্বই) টাকা। ২০২৫-২৬ অর্থবছরের বিপিআই-এর অনুমোদিত সংশোধনী বাজেটঃ আয়ের লক্ষ্যমাত্রা ৬৯,৮০৫,০০০.০০ /-(ছয় কোটি আটানব্বই লক্ষ পাঁচ হাজার) টাকা যার বিপরীতে ২০২৫-২৬ অর্থবছরের বিপিআই-এর মোট প্রকৃত আয় হয় ৭০,৮২০,৮৭৬/- (সাত কোটি আট লক্ষ বিশ হাজার আটশত ছিয়াত্তর) টাকা।

হিসাব নিরীক্ষা:

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর ২০১০-১২ সময়কালের ১টি এবং ২০১৮-২৪ সময়কালের ১টি সহ মোট (১+১) = ২ (দুই) টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।

অষ্টম পরিচ্ছেদ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)-কে জ্বালানি, তেল, গ্যাস ও খনিজসম্পদ খাতে একটি আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ, গবেষণা ও প্রযুক্তিগত উৎকর্ষ কেন্দ্র (Centre of Excellence) হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে প্রতিষ্ঠানটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এসব পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে আধুনিক প্রশিক্ষণ অবকাঠামো গড়ে তোলা, গবেষণা সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তিনির্ভর দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং জাতীয় জ্বালানি খাতের টেকসই উন্নয়নে বিপিআই-এর ভূমিকা আরও সুদৃঢ় হবে।

আগামী পাঁচ বছরের জন্য বিপিআই-এর প্রধান পরিকল্পনাসমূহ নিম্নরূপ -

- **Strengthening Capacity of Bangladesh Petroleum Institute** প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আধুনিক প্রশিক্ষণ অবকাঠামো গড়ে তোলা, নতুন ভবন নির্মাণ, আধুনিক গবেষণাগার, সিমুলেশন ল্যাবরেটরি, পেট্রোলিয়াম ল্যাবরেটরি, কম্পিউটার ও ভাষা ল্যাবরেটরি স্থাপন এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি, সফটওয়্যার ও আসবাবপত্র সংগ্রহ।
- বিপিআই-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, অর্গানোগ্রাম পুনর্গঠন, জনবল কাঠামোর আধুনিকায়ন এবং যুগোপযোগী দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক সংস্কার বাস্তবায়ন।
- **Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)**-এর আওতায় শিল্পের চাহিদাভিত্তিক দক্ষ টেকনিশিয়ান ও প্রযুক্তিগত জনবল উন্নয়ন, দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ, জাতীয় মানসম্পন্ন সার্টিফিকেশন, প্রশিক্ষণ-পরবর্তী কর্মসংস্থান এবং ফলাফলভিত্তিক দক্ষতা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন।
- নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি নিরাপত্তা, অফশোর তেল-গ্যাস অনুসন্ধান, স্মার্ট এনার্জি সিস্টেম, পরিবেশ ও নিরাপত্তা ব্যবস্থাপনা, ডিজিটাল প্রযুক্তি, কার্বন ব্যবস্থাপনা এবং সবুজ জ্বালানি বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ, সেমিনার, গবেষণা ও সক্ষমতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ।
- প্রশিক্ষণার্থীদের জন্য আধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করতে শ্রেণিকক্ষ, প্রশিক্ষণ সুবিধা, ডরমিটরি এবং অন্যান্য সহায়ক অবকাঠামোর উন্নয়ন।
- জাতীয় ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, শিল্পপ্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা এবং জ্বালানি খাতের বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব সম্প্রসারণের মাধ্যমে যৌথ প্রশিক্ষণ, গবেষণা, প্রযুক্তি স্থানান্তর এবং জ্ঞান বিনিময় কার্যক্রম জোরদার করা।

- গবেষণা, নীতি-সহায়তা, প্রযুক্তিগত পরামর্শ এবং জ্ঞান ব্যবস্থাপনাকে আরও শক্তিশালী করে জ্বালানি ও খনিজসম্পদ খাতের তথ্যভিত্তিক নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে কার্যকর সহায়তা প্রদান।
- ডিজিটাল রূপান্তরের অংশ হিসেবে ফলাফলভিত্তিক পরিকল্পনা, ডিজিটাল মনিটরিং ব্যবস্থা, কর্মসম্পাদন মূল্যায়ন এবং গুণগত প্রশিক্ষণ নিশ্চয়নের মাধ্যমে বিপিআই-এর প্রাতিষ্ঠানিক কার্যকারিতা, সুশাসন ও সেবার মান আরও উন্নত করা।
- দেশের জ্বালানি ও খনিজসম্পদ খাতের উদীয়মান প্রয়োজন ও প্রযুক্তিগত পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন প্রশিক্ষণ কোর্স, গবেষণা কর্মসূচি এবং উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

উপরোক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে একটি আধুনিক, প্রযুক্তিনির্ভর, গবেষণাভিত্তিক এবং আন্তর্জাতিক মানসম্পন্ন প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। এর ফলে দেশের জ্বালানি ও খনিজসম্পদ খাতে দক্ষ মানবসম্পদ উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবন, প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে বিপিআই আরও কার্যকর ভূমিকা পালন করতে সক্ষম হবে।

নবম পরিচ্ছেদ
উপসংহার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের জ্বালানি ও খনিজসম্পদ খাতের জন্য দক্ষ মানবসম্পদ উন্নয়ন, গবেষণা, প্রযুক্তিগত পরামর্শ এবং জ্ঞানভিত্তিক সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ২০২৫–২৬ অর্থবছরে প্রতিষ্ঠানটি প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ, দেশি-বিদেশি প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতা বৃদ্ধি, দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ও সার্টিফিকেশন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ, নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ আয়োজন এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

এ অর্থবছরে **Strengthening Capacity of Bangladesh Petroleum Institute** প্রকল্পের কার্যক্রম অগ্রসরকরণ, **Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)**-এর আওতায় দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ও সার্টিফিকেশন কার্যক্রমের ভিত্তি সুদৃঢ়করণ এবং জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে বিপিআই-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও অংশীদারিত্বমূলক কার্যক্রম আরও সম্প্রসারিত হয়েছে। একই সঙ্গে নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি নিরাপত্তা, ডিজিটাল প্রযুক্তি এবং আধুনিক প্রশিক্ষণ পদ্ধতির ওপর গুরুত্বারোপের মাধ্যমে ভবিষ্যৎমুখী মানবসম্পদ উন্নয়নের ভিত্তি আরও শক্তিশালী হয়েছে।

বিপিআই বিশ্বাস করে যে, গৃহীত পরিকল্পনা ও চলমান উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়িত হলে প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ, গবেষণা ও প্রযুক্তিগত উৎকর্ষের কেন্দ্র (Centre of Excellence) হিসেবে প্রতিষ্ঠিত হবে। এর মাধ্যমে দেশের জ্বালানি ও খনিজসম্পদ খাতের জন্য দক্ষ, প্রযুক্তিনির্ভর ও কর্মসংস্থানযোগ্য মানবসম্পদ গড়ে তোলা, গবেষণা ও উদ্ভাবন কার্যক্রম সম্প্রসারণ, প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি এবং জাতীয় জ্বালানি নিরাপত্তা ও টেকসই উন্নয়ন অর্জনে বিপিআই আরও কার্যকর ও অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

--